

ভিজুয়াল রিপোর্টিং বুট ক্যাম্প গাইডলাইন

১. জাতীয় পত্রিকা, টেলিভিশন ও অনলাইন সংবাদমাধ্যমে ঢাকায় কর্মরত রিপোর্টার যাদের সর্বোচ্চ ৩ বছরের অভিজ্ঞতা আছে এবং বয়স অনধিক ৩০ বছর- তারা এই বুট ক্যাম্পের জন্য আবেদন করতে পারবেন।
২. আবেদনপত্র (জীবন বৃত্তান্ত সহ) জমা দেয়ার শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর, ২০২৩
৩. আবেদনপত্রটি নিজের স্বাক্ষর এবং মিডিয়ায় প্রকাশের অনুমোদনকারীর স্বাক্ষর ও সিল দিয়ে একটি পিডিএফ ফাইল তৈরি করে bootcamp@mrdibd.org এই ই-মেইল ঠিকানায় পাঠাতে হবে।
৪. নিজের স্বাক্ষর এবং অনুমোদনকারীর সিল ও স্বাক্ষর না থাকলে আবেদনপত্র বাতিল হয়ে যাবে।
৫. আবেদনকারীদের মধ্য থেকে বাছাইকৃত সাংবাদিকদের সাক্ষাৎকারের ভিত্তিতে মোট আবেদন থেকে ১২ জনকে প্রশিক্ষণের জন্য নির্বাচিত করা হবে।
৬. বুট ক্যাম্প ও ফলোআপ বুটক্যাম্প দুটি আবাসিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। নির্বাচিতদের দুই ক্যাম্পই উপস্থিত থাকা বাধ্যতামূলক।
৭. বুটক্যাম্পের দুই প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে থাকবেন ভিজুয়াল মিডিয়ায় অভিজ্ঞ সাংবাদিকরা।
৮. আবাসিক প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য আসা-যাওয়া, আবাসনসহ যাবতীয় খরচ বহন করবে এমআরডিআই।
৯. প্রশিক্ষণ শেষে মেন্টরদের সহযোগিতায় এক মাসের মধ্যে আপনার প্রস্তাবিত প্রতিবেদন তৈরি করে নিজ নিজ গণমাধ্যমে তা প্রকাশ করতে হবে।
১০. প্রতিবেদন তৈরির জন্য গবেষণা, ভ্রমণ ও আনুষঙ্গিক খরচ হিসেবে অংশগ্রহণকারী সাংবাদিকদের জনপ্রতি ২০,০০০ (বিশ হাজার) টাকা করে দেয়া হবে।